বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩.২০৮

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা'য় কর্মরত থাকাকালীন পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০৩১.০২৫.০০.০০.০৪৬.২০১০-৪২০ তারিখ: ০৪.০৬.২০১২ খ্রিঃ এবং বোর্ডের স্মারক নং-পাউবো(সচি)/প্র-১/৪৩৭ তারিখঃ ০৭.০৮.২০১২ খ্রিঃ মোতাবেক কতিপয় শর্তসাপেক্ষে বিগত ০৫.০৩.২০১৩ খ্রিঃ তারিখ হতে ০৪.০৪.২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১(এক) মাসের বহিঃবাংলাদেশ ছুটি নিয়ে ব্যক্তিগতভাবে যুক্তরাষ্ট্রে গমন করেন। বহিঃবাংলাদেশ ছুটি শেষে নির্ধারিত সময়ে যোগদান না করে ১(এক) মাস ৭(সাত) দিন অতিরিক্ত অননুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করতঃ বিগত ১২.০৫.২০১৩ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে ভোলা পওর বিভাগ-১ এ যোগদান করেন। আপনার উক্ত ১(এক) মাস ৭(সাত) দিন অতিরিক্ত অননুমোদিত অনুপস্থিতি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১)(ক) অনুযায়ী অসদাচরণের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ। এবং

২। যেহেতু, আপনি ১২.০৫.২০১৩ খ্রিঃ তারিখে ভোলা পওর বিভাগ-১ এ যোগদান করে পরবর্তীতে দপ্তরে ও কাজে অনুপস্থিত রয়েছেন এবং অদ্যাবধি দপ্তরে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। আপনার এ ধরণের আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১)(খ) ও ২(১৩)(উ) অনুযায়ী কর্তব্যে অবহেলা ও পলায়নের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

৩। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩-৩৮৯ তারিখঃ ০৬.১১.২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৬.২৩-৪৭২ তারিখঃ ২৬.১২.২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অঃপৃঃদ্রঃ

৫। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন ''চাকরি হতে বরখাস্ত'' (dismissal from service) দন্ড চুড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

০৬/০৫/২০২৪

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

<u>প্রাপকঃ</u>

১। জনাব রুহুল আমিন, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা।
২। জনাব রুহুল আমিন প্রযত্নে- মাহাবুবুর রহমান (আলমগীর মাস্টার), জমাদারবাড়ী, ওয়ার্ড নং-৪, ৯নং বড় মানিকা ইউনিয়ন পরিষদ, পোস্ট- কাশিগঞ্জ, উপজেলা- বোরহানউদ্দীন, জেলা-ভোলা।

<u>কার্যার্থে/জ্ঞাতার্থেঃ</u>

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।